# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

### এম.ফিল. প্রোগ্রামে (২০২১-২০২২ শিক্ষাবর্ষ) ভর্তি ও বৃত্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগের/ইনস্টিটিউটের শিক্ষকদের মধ্য থেকে তত্ত্বাবধায়ক নির্বাচন করে তাঁর/তাঁদের অধীনে এবং মাধ্যমে এম.ফিল. গবেষণার আবেদন করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://du.ac.bd) ১৯/০৯/২০২১ তারিখ থেকে ১৮/১০/২০২১ তারিখ পর্যন্ত আবেদন ফরম ডাউন লোড করা যাবে। ভর্তি ফরমের ফিস বাবদ জনতা ব্যাংকে (ঢা বি, টি.এস.সি.শাখায়) ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎ যোগ্য) জমা দিতে হবে। আবেদনপত্র স্পষ্ট করে লিখে/টাইপ করে যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে ২১/১১/২০২০ তারিখের মধ্যে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে ভর্তি ফরমের ফিস বাবদ জমাকৃত ৫০০/-(পাঁচশত) টাকা জমার রশিদের মূলকপি, সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১ (এক) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে এবং গবেষণার একটি রূপরেখা (Synopsis) জমা দিতে হবে।

**এম.ফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা, শর্তাবলী ও অন্যান্য তথ্য**

১। ক) চার বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রি এবং ১ বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি।

অথবা

খ) তিন বছর মেয়াদী স্নাতক সম্মান ও এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি।

অথবা

গ) দুই বছর মেয়াদী স্নাতক ও দুই বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি এবং স্নাতক পর্যায়ে ১ বছরের শিক্ষকতা/ গবেষণা প্রতিষ্ঠানে ১ বছরের চাকুরী অথবা স্বীকৃত মানের জার্নালে ১টি গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে।

অথবা

ঘ) পাঁচ বছর মেয়াদী এম.বি.বি.এস.ডিগ্রি। প্রার্থীগন তাঁদের ডিগ্রির সাথে সম্বন্ধযুক্ত বিভাগে আবেদন করতে পারবেন। ক, খ, গ ও ঘ -তে বর্ণিত প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। C.G.P.A. নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় C.G.P.A. ৫ এর মধ্যে ৩.৫ অথবা C.G.P.A. ৪ এর মধ্যে ৩ থাকতে হবে।

২। এম.ফিল. প্রোগ্রাম **দুই বছর মেয়াদী** ( অর্থাৎ ১ম বর্ষ তত্ত্বীয় কোর্স ও ২য় বর্ষ থিসিস)। তবে এম.ফিল. প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বোচ্চ ৪ (চার) বছর। সকল অনুষদ/ইনস্টিটিউটের এম.ফিল. কোর্স পূর্ণকালীন কোর্স হিসেবে গণ্য হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যতীত চাকরিরত প্রার্থীদের ১ (এক) বৎসরের ছুটি নিয়ে এম.ফিল. প্রোগ্রামে যোগদান করতে হবে।

৩। এম.ফিল. গবেষক ১ম বর্ষ প্রথম বারে পাশ করতে না পারলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে অথবা কোর্স সমাপ্ত করতে না পারলে তত্ত্বাবধায়ক ও বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশে পরবর্তী শিক্ষাবর্ষে শুধুমাত্র একবার পুন:ভর্তি হতে পারবেন। এরপর আর পুনঃভর্তির সুযোগ থাকবে না।

৪। (ক) এম.ফিল. প্রোগ্রামে রেজিস্ট্রেশনপ্রাপ্ত গবেষকদের জন্য সর্বমোট ২০০ নম্বরের দুই ইউনিট (১০০ নম্বর করে প্রতি ইউনিট) অথবা চার ইউনিট (৫০ নম্বর করে প্রতি ইউনিট) তত্ত্বীয় পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ১০০ নম্বরের ইউনিটের ৪ ঘন্টা এবং ৫০ নম্বর ইউনিটের জন্য ২ ঘন্টা পরীক্ষা দিতে হবে। কিন্তু যে সকল প্রার্থী ভূগোল ও পরিবেশ বিষয় ব্যতীত অন্য বিষয় থেকে পাশ করে (নন-জিওগ্রাফার) ভূগোল ও পরিবেশ বিভাগে ভর্তি হবে তাঁদেরকে ১০০ নম্বরের অতিরিক্ত কোর্স G-701 Fundamentals of Geography বাধ্যতামূলক নিতে হবে। এছাড়া ১০০ নম্বরের মৌখিক পরীক্ষাও থাকবে। তত্ত্বীয় কোর্সের পাশ নম্বর গড়ে ৫০% এবং মৌখিক পরীক্ষায় পাশ নম্বর ৫০%।

(খ) এম.ফিল. প্রোগ্রামে (১ম পর্ব) তত্ত্বীয় পরীক্ষায় পাশ করলেও একজন গবেষক মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হলে পরবর্তী ব্যাচের সাথে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট ইচ্ছা করলে ৩ থেকে ৬ মাসের মধ্যে মৌখিক পরীক্ষা গ্রহণ করতে পারবে।

(গ) এম.ফিল. কোর্স পরীক্ষায় অকৃতকার্য কোন গবেষক কোন একটি তত্ত্বীয় কোর্সে/মৌখিক পরীক্ষায় ৫০% এর কম নম্বর পেলে সেই কোর্স/মৌখিক পরীক্ষায় তৎপরবর্তী সুযোগে পুনঃভর্তি ছাড়াই যথারীতি পরীক্ষার ফিস প্রদান করে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হতে পারবেন। কোন একটি কোর্সের পরীক্ষায় ৩০ এর কম নম্বর গননা করা হবে না। তবে কোন কোর্সে ৫০% এবং এর অধিক নম্বর পেলে তা বহাল রাখার অধিকার থাকবে।

(ঘ) এম.ফিল. ১ম বর্ষে উত্তীর্ণ গবেষকগণের পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে ২য় বর্ষে ভর্তি হতে হবে। দৈনিক ১০ (দশ) টাকা নির্ধারিত হারে বিলম্ব ফিস প্রদান করে আরো ১(এক) মাস পর্যন্ত ভর্তি হওয়া যাবে। ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের ২ (দুই) মাসের মধ্যে ভর্তি না হলে পরবর্তী প্রতি মাসে/ এবং মাসের অংশ বিশেষের জন্য ১০০০/-(এক হাজার ) টাকা বিলম্ব ফিস প্রদান করে রেজিস্ট্রেশনের সময়সীমা থাকা পর্যন্ত ভর্তি হওয়া যাবে।

চেয়ারপার্সন
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

চলমান পাতা-২

৫। এম.ফিল. প্রোগ্রামে চলতি শিক্ষাবর্ষে আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ইতিহাস বিভাগের জন্য নির্ধারিত একটি শের-ই-বাংলা বৃত্তিসহ মোট ৫০ (পঞ্চাশ) টি বৃত্তি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত হারে মঞ্জুর করা হবে। তবে গবেষক চাকরিরত থাকলে অথবা অন্য কোন প্রতিষ্ঠান থেকে বৃত্তি/আর্থিক সহযোগিতা পেলে এ বৃত্তি ভোগ করার যোগ্য বিবেচিত হবেন না। রেজিস্ট্রেশনের মেয়াদ থাকাকালীন সময়ে থিসিস জমা দিলে ২য় বর্ষে এ বৃত্তি নবায়নের ব্যবস্থা থাকবে। তবে গবেষক যদি ১ম বর্ষে প্রথমবারে পাশ করতে না পারেন তবে এ বৃত্তি প্রদান করা হবে না।

৬। আবেদনকারী যে হলের ছাত্র/ছাত্রী হিসেবে এম.ফিল. প্রোগ্রামে ভর্তি হতে ইচ্ছুক সে হলের প্রাধ্যক্ষের স্বাক্ষর নেয়ার পর আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে হলের ছাত্র/ছাত্রী হিসেবে স্নাতক সম্মান/মাস্টার্স ডিগ্রি লাভ করেছেন সে হলের ছাত্র/ছাত্রী হিসেবে এম.ফিল. প্রোগ্রামে ভর্তি হতে পারবেন না।

৭। একজন তত্ত্বাবধায়ক এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে দুটো মিলিয়ে এক সাথে সর্বমোট (পূর্বাপর) অনধিক এককভাবে ৮ (আট) জন অথবা যৌথভাবে ১০ (দশ) জন গবেষকের তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৮। অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং পিএইচ.ডি. ডিগ্রিধারী সহকারী অধ্যাপকবৃন্দ এম.ফিল. প্রোগ্রামে গবেষকদের তত্ত্বাবধান করতে পারবেন।

৯। বাংলাদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং বিদেশ থেকে এস.এস.সি, এইচ.এস.সি, স্নাতক/স্নাতক সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের তাঁদের অর্জিত ডিগ্রির/পরীক্ষা পাসের সনদের সমতা নিরূপণের জন্য যোগ্যতা যাচাই ও সমতা নিরূপন কমিটির আহবায়ক ও ডিন, জীববিজ্ঞান অনুষদ এর বরাবরে আবেদন করতে হবে **এবং ভর্তির আবেদনপত্রের সাথে সমতা নিরূপণের কপি জমা দিতে হবে।**

১০। এম.ফিল. প্রোগ্রামের বিভিন্ন ফিসের হার হিসাব পরিচালকের অফিস থেকে ( কক্ষ নং-১২৪ ) জানা যাবে। অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত যোগ্যতা ও শর্ত পূরণকারী প্রার্থীরাই শুধুমাত্র এম.ফিল. প্রোগ্রামে ভর্তির আবেদন করার যোগ্য বিবেচিত হবেন। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তির আবেদন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

28.08.2021
উপ-রেজিস্ট্রার (শিক্ষা-১)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং- রেজিঃ/শিক্ষা- ৪৬৬২-৭৫১ তারিখ: ২৪/৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডিন, সকল অনুষদ, ঢা বি

২। চেয়ারম্যান, সকল বিভাগ এবং পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢা বি (ভর্তির কাজ ত্বরান্বিত করার লক্ষে সকল বিভাগে/ইনস্টিটিউটে ২১/১০/২০২০ তারিখ পর্যন্ত গৃহীত আবেদনপত্র সমূহের তথ্যাবলী ও প্রার্থীদের গবেষণার শিরোনামের ভুলত্রুটি যাচাই বাছায়ের পর একাডেমিক কমিটির সুপারিশ ও সংশ্লিষ্ট অনুষদ সভার সুপারিশসহ ২১/১২/২০২০ তারিখের মধ্যে অত্র দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে এবং ভর্তির শর্ত পূরণ করে না এমন আবেদনপত্র অত্র শাখায় না পাঠানোর জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।

৩। প্রভোস্ট, সকল হল, ঢা বি

৪। পরিচালক, জনসংযোগ অফিস, ঢা বি { ভর্তির বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকা সমূহে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য মহোদয়ের আদেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

৫। উপ-রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর/ প্রো-উপাচার্যের(শিক্ষা) দপ্তর /প্রো-উপাচার্যের(প্রশাসন) দপ্তর এবং রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢা বি

৬। পরিচালক, আইসিটি সেল, ঢা বি (ভর্তির বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য মহোদয়ের আদেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।

৭। ম্যানেজার, জনতা ব্যাংক (টি.এস.সি) ঢা বি শাখা।

28.08.2021
উপ-রেজিস্ট্রার (শিক্ষা-১)
ঢাকা বিশ্ববিদ্যালয়